বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭
লাইসেন্সিং শাখা
www.btrc.gov.bd

নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৭০২.৪৯.০০৩৬.১৯.১২৭৯

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৯ জুন ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: Star Tech নামক প্রতিষ্ঠানটির VTS লাইসেন্স সমর্পণ (Surrender) হিসেবে বাতিল প্রসঙ্গে।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নের ছকে বর্ণিত প্রতিষ্ঠানটির আবেদনের প্রেক্ষিতে তার নামের পাশে উল্লিখিত ক্যাটাগরির লাইসেন্স যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমর্পণ হিসেবে বাতিল করা হলো। কাজেই, উক্ত লাইসেন্স এর অধীনে যে কোন কার্যক্রম সম্পাদন করা হবে অবৈধ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর অধীন শাস্তিযোগ্য অপরাধ। প্রতিষ্ঠানটিকে উক্ত ক্যাটাগরির লাইসেন্স সংশ্লিষ্ট সকল প্রকার কার্যক্রম হতে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদানসহ সংশ্লিষ্ট সকলকে প্রতিষ্ঠানটির সাথে যে কোন ধরণের টেলিযোগাযোগ চুক্তি সম্পাদনসহ সেবা গ্রহণ/প্রদান এবং টেলিযোগাযোগ সেবা গ্রহণ/প্রদানের বিপরীতে আর্থিক লেনদেন করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়া প্রতিষ্ঠানটিকে অত্র বিজ্ঞপ্তি জারির তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে বর্ণিত ক্যাটাগরির লাইসেন্স এর মূলকপি কমিশনে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। প্রতিষ্ঠানটির বিস্তারিত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

প্রতিষ্ঠানের নাম	লাইসেন্সের ধরণ	প্রতিষ্ঠানের ঠিকানা	লাইসেন্স নম্বর	সমর্পনের আবেদনের তারিখ
Star Tech	VTS	H#23, 4th Floor, Bir Uttam Ziaur Rahman Sarak, Mohakhali, Dhaka	14.32.0000.007.58. 035.15.30	30-04-2026

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তিঃ
(১) কমিশন সভার সিদ্ধান্ত

সংযুক্তি: ১ কপি সংযুক্ত।

০৯-০৬-২০২৬
লেঃ কর্ণেল সৈয়দ মোঃ তৌফিকুল ইসলাম
পরিচালক

মহাপরিচালক
প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (প্রতিষ্ঠানটির অপারেশনাল কার্যক্রম বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২। মহাপরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ , বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিজ্ঞপ্তিটি বিটিআরসির ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বাতিলকৃত লাইসেন্সি প্রতিষ্ঠানটির কার্যক্রম নজরদারির আওতায় রাখার অনুরোধসহ)।

৫। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।
৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিনিয়র সহকারী পরিচালক (আইটি), আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।